



## সাংবাদিক আনিস আলমগীরের মুক্তি দাবি অ্যামনেস্টির



সংগৃহীত ছবি

সন্ত্রাসবিরোধী আইনে গ্রেপ্তার সাংবাদিক আনিস আলমগীরকে অবিলম্বে মুক্তি দেওয়ার আহ্বান জানিয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। সংস্থাটি বলেছে, মতপ্রকাশের কারণে কাউকে লক্ষ্যবস্তু করা উদ্বেগজনক এবং এটি বাক্‌স্বাধীনতার জন্য হুমকি।

গত ১৫ ডিসেম্বর আনিস আলমগীরকে গ্রেপ্তার করা হয়। অভিযোগ অনুযায়ী, তিনি নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের পক্ষে সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন প্ল্যাটফর্মে প্রচারণা চালিয়েছেন। এ ঘটনায় অ্যামনেস্টির দক্ষিণ এশিয়া গবেষক রেহাব মাহমুদ বলেন, মতপ্রকাশ দমনে সন্ত্রাসবিরোধী আইনের অপব্যবহার বন্ধ করা উচিত এবং অন্তর্বর্তীকালীন সরকারকে নির্বাচনপূর্ব সময়ে বাক্‌স্বাধীনতা ও সমাবেশের অধিকার নিশ্চিত করতে হবে।

অ্যামনেস্টি আরও জানিয়েছে, বাংলাদেশকে নাগরিক ও রাজনৈতিক অধিকার বিষয়ক আন্তর্জাতিক চুক্তির (আইসিসিপিআর) বাধ্যবাধকতা মানতে হবে এবং আনিস আলমগীরকে দ্রুত মুক্তি দিতে হবে।

আদালতে আনিস আলমগীর বলেন, তিনি একজন সাংবাদিক হিসেবে দীর্ঘদিন ধরে ক্ষমতাসীনদের প্রশ্ন করে আসছেন এবং কারও প্রতি আনুগত্য দেখানো তার কাজ নয়।

উল্লেখ্য, ১৪ ডিসেম্বর রাতে ধানমন্ডি থেকে তাকে ডিবি হেফাজতে নেওয়া হয়। পরদিন উত্তরা পশ্চিম থানার মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে হাজির করা হলে পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর হয়। মামলায় আরও কয়েকজন গণমাধ্যম ও বিনোদন জগতের ব্যক্তির নাম রয়েছে।